

যুগে যুগে বুঝি আমায় চেয়েছিল সে ।  
 সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে ॥  
 আজ কেন মোর পড়ে মনে    কখন্‌ তারে চোখের কোণে  
 দেখেছিলেম অফুট প্রদোষে—  
 সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে ॥  
 আজ ওই চাঁদের বরণ হবে আলোর সঙ্গীতে,  
 রাতের মুখের আঁধারখানি খুলবে ইঙ্গিতে ।  
 শুরুরাতে সেই আলোকে    দেখা হবে এক পলকে,  
 সব আবরণ যাবে যে খসে ।  
 সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Paraj  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail